

# বিনামূল্যে প্রশিক্ষণ ও চাকরি দেবে বাংলাদেশ ব্যাংক

যুবকদের দক্ষ করে গড়ে তোলা ও বেকারত্বের হার কমানোর জন্য সারা দেশে বিভিন্ন ফেন্টে  
প্রশিক্ষণ দেবে বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রাম বিভাগ। স্কিলস ফর  
এমপ্লায়মেন্ট ইনভেষ্টমেন্ট প্রোগ্রাম (সেপ)

প্রকল্পের আওতায় এ প্রশিক্ষণ দেয়া হবে।

আইসিটি, গার্ভেন্টস, লাইট ইঞ্জিনিয়ারিং,  
অটোমোবাইল ও ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিক্যাল  
মেইনটেন্যালসহ পাঁচটি সেক্টরে মোট ১২টি  
ট্রেডে এ প্রশিক্ষণ দেয়া হবে। প্রথম দফার  
প্রশিক্ষণ সম্পন্ন করা হবে আগামী তিন বছরে।  
এ প্রকল্পে সারা দেশে প্রশিক্ষণ পাবেন ১০  
হাজার ২০০ জন। এর মধ্যে চাকরি বিভাগে ৩  
হাজার ৯০০ জন, চট্টগ্রাম বিভাগে ১ হাজার

৭০০ জন, রাজশাহী, রংপুর, খুলনা, বগুড়ায় ৭৭৫ জন করে এবং সিলেট ও বরিশাল বিভাগে ৭৫০  
জন করে প্রশিক্ষণ পাবেন।



## যে সব বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে

প্রশিক্ষণ কর্মসূচিকে স্কিল ট্রেনিং এবং আপস্কিলিং এ দুই ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে।

স্কিল ট্রেনিং ক্যাটাগরিতে প্রশিক্ষণ দেয়া হবে ১০টি ট্রেডে। এর মধ্যে ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং,  
কোয়ালিটি বন্টেল ম্যানেজমেন্ট ইন আরএমজি, লেদ মেশিন অপারেশন ও ইন্ডাস্ট্রিয়াল  
ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যাল বিষয়ে ৩ মাসমেয়াদি এবং ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড  
ডেভেলপমেন্ট, প্রফেশনাল ফিল্যাসিং, গ্রাফিক ডিজাইন, আইটি মেইনটেন্যাল অ্যান্ড সার্ভিসিং  
(আইটি সাপোর্ট সার্ভিস), সোয়েটার, নিটওয়্যার অ্যান্ড ওভেন মার্চেন্ডাইজিং এবং অটোমোবাইল  
মেকানিক কোর্সে ৬ মাসমেয়াদি প্রশিক্ষণ দেয়া হবে।

আপস্কিল ক্যাটাগরিতে প্রফেশনাল ফিল্যাসিং এবং গ্রাফিক ডিজাইন— এই দুটি ট্রেডে প্রশিক্ষণ  
দেয়া হবে। প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস। প্রফেশনাল ফিল্যাসিং কোর্সে সার্ট ইঞ্জিন  
অপাটিমাইজেশন মার্কেটিং, মোবাইল অ্যাপ, ওয়ার্ড্রপ্লেস কাস্টমাইজেশন অ্যান্ড ডেভেলপমেন্ট,  
স্মাইডার এনিমেশন ডেভেলপমেন্ট, ওয়েব হোস্টিং অ্যান্ড সিএসএস শেখানো হবে। গ্রাফিক  
ডিজাইন কোর্সে শেখানো হবে স্পেশাল ইফেক্ট, এনিমেশন, মাল্টিমিডিয়া প্রোগ্রামিং, ফটোশপ,  
ইলাস্ট্রেটর, লোগো ডিজাইন ও ব্যানার ডিজাইন। পাশাপাশি প্রত্যেক কোর্সেই দেয়া হবে  
এসএমই খাতে নতুন উদ্যোগ তৈরির প্রশিক্ষণ।

▷ এরপর দেখুন **২ পৃষ্ঠায়**

# বিনামূল্যে প্রশিক্ষণ ও চাকরি দেবে বাংলাদেশ ব্যাংক

## ১ পৃষ্ঠার পর

### থাকছে প্রশিক্ষণ শেষে চাকরি ও অন্যান্য সুযোগ

প্রশিক্ষণ শেষে কমপক্ষে ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর কাজের ব্যবস্থা হবে বলে জানান হয়েছে। এ ছাড়া আবাসিক প্রশিক্ষণে অর্থে নেয়া প্রশিক্ষণার্থীরা বিনামূল্যে থাকা-খাওয়া ও অন্যান্য সুবিধা পাবেন। প্রশিক্ষণ শেষে মিলবে ৩ হাজার টাকা তাত্ত্বিক প্রশিক্ষণ প্রশিক্ষণপ্রাপ্তদের উদ্যোগ হতে অনুপ্রেরিত করতে খাগ দেয়া হবে। বাংলাদেশ ব্যাংকের ১০০ কোটি টাকার নতুন উদ্যোগ তহবিল থেকে এ খণ্ডের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান।

### যারা আবেদন করতে পারবেন

**স্নাতক :** স্নাতক পাস প্রার্থী অর্থে নিতে পারবে

সোয়েটার, নিটওয়্যার অ্যান্ড ওভেন মার্টেডাইজিং কোর্পস।

**এইচএসসি বা কপিটার সায়েলে ডিপ্লোমা :** ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, আইটি মেইনটেনেন্স অ্যান্ড সার্ভিসিং, অটোমেটেড মেকানিক, প্রক্রেশনাল ফিল্যাসিং ও গ্রাফিক ডিজাইন কোর্সে অর্থে নিতে পারবেন এইচএসসি বা সিএসইতে ডিপ্লোমা উত্তীর্ণরা।

**এসএসসি :** এসএসসি উত্তীর্ণরা প্রশিক্ষণ নিতে পারবে ডেস মেবিং অ্যান্ড টেইলারিং, কোয়ালিটি কন্ট্রুল ম্যানেজমেন্ট ইন আরএমজি এবং ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিকাল মেইনটেনান্স কোর্সে।

**অষ্টম শ্রেণী :** লেদ মেশিন অপারেশন ও অটোমেটেড মেকানিক কোর্সে অর্থেছনের জন্য অষ্টম শ্রেণী পাস হতে হবে। প্রক্রেশনাল ফিল্যাসিং ও গ্রাফিক ডিজাইন কোর্সে অর্থেছনের জন্য বয়স ন্যূনতম ২০ বছর হতে হবে। সোয়েটার, নিটওয়্যার

অ্যান্ড ওভেন মার্টেডাইজিং কোর্সে বয়সসীমা ২১ থেকে ৪৫ বছর। অন্য সব কোর্সে ১৮ থেকে ৪৫ বছর বয়সসীমা অর্থে নিতে পারবেন। প্রতিটি কোর্সে প্রতি ব্যাচে ২৫ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন।

### আবেদন প্রক্রিয়া ও অন্যান্য তথ্য

কোর্স শুরুর আগে বিজ্ঞপ্তির মাধ্যমে বিজ্ঞ মাধ্যমে জানিয়ে দেয়া হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত নিয়মানুসূচী আবেদন করতে হবে। প্রশিক্ষণে ১৫ শতাংশ আসন নারী, প্রতিবেদ্ধী ও অন্তর্সর এলাকার মানুষের জন্য বরাদ্দ থাকবে। এ ছাড়া অনলাইনে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য জানা যাবে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট ([www.bb.org.bd](http://www.bb.org.bd)), অর্থ মন্ত্রণালয়ের সেপ প্রকল্পের ওয়েবসাইট ([www.seip-fd.gov.bd](http://www.seip-fd.gov.bd)), প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর ওয়েবসাইট এবং বাংলাদেশ ব্যাংকে সরাসরি কোনোর মাধ্যমে।